Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯



নয়া দিগন্ত

# চীনের সাথে সম্পর্ক ২ হাজার বছরের পুরনো : ঢাবি ভিসি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বলেছেন, চীনের সাথে আমাদের সম্পর্ক ৫০ বছরের নয়, ঐতিহাসিকভাবে এ সম্পর্ক দুই হাজার বছরের পুরনো। আমরা দুই দেশের মধ্যে গবেষণার সংস্কৃতি গড়ে তুলতে চাই। শিক্ষা বিনিময় কর্মসূচি আরো বাড়াতে চাই।

গতকাল রোববার বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে চীনের ইউনান প্রদেশ ও বাংলাদেশে চীনা দূতাবাসের উদ্যোগে আয়োজিত 'চীন-বাংলাদেশ পিপল-টু-পিপল এক্সচেঞ্জ ইয়ার : ইউনান এডুকেশন অ্যান্ড হেলথ প্রমোশন' এর উদ্বোধনী অনুষ্ঠানে ভিসি এসব কথা বলেন। অনুষ্ঠানে সহ-আয়োজক ছিল ঢাকা বিশ্ববিদ্যালয়।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের উপদেষ্টা নূরজাহান বেগম, ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রোভিসি (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা, প্রোভিসি (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম জাহাঙ্গীর আলম চৌধুরী, বাংলাদেশে নিযুক্ত চীনের রাষ্ট্রদূত ইয়াও ওয়েন, চীনের ইউনান প্রদেশের গভর্নর ওয়াং ইউবো, প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমদ, ডিনগণ, চীনের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধি এবংবিভিন্ন মন্ত্রণালয়ের কর্মকর্তারা।

অনুষ্ঠানে চিকিৎসা গবেষণা ও প্রশিক্ষণকে এগিয়ে নিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান বিভাগের সাথে চীনের ■ ৪র্থ পৃ: ২-এর কলামে




ঢাকা বিশ্ববিদ্যালয়ে চীনের ইউনান প্রদেশ ও বাংলাদেশস্থ চীনা দূতাবাস আয়োজিত 'চীন-বাংলাদেশ পিপল-টু পিপল এক্সচেঞ্জ ইয়ার ইউনান এডুকেশন অ্যান্ড হেলথ প্রমোশন' অনুষ্ঠান ফিতা কেটে উদ্বোধন করেন ঢাবি ভিসিসহ অতিথিরা

৩য় পৃষ্ঠার পর

ইউনান পিকিং ক্যান্সার হাসপাতাল এবং কুনমিং মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মধ্যে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। এর আগে চীন ও বাংলাদেশের শিল্পীদের অংশগ্রহণে সাংস্কৃতিক পরিবেশনা অনুষ্ঠিত হয়। এ সময় ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান আরো বলেন আমরা মনে করি ইউনান প্রদেশ আমাদের পরিবারের অংশ। আমি আশা করি এ আয়োজনটি একটি নতুন চ্যাপ্টারের উন্মোচন করেছে। এটি আমাদের মধ্যকার সম্পর্ককে আরো অনন্য উচ্চতায় নিয়ে যাবে।

চীনের রাষ্ট্রদূতকে ধন্যবাদ জানিয়ে ভিসি বলেন, আমাদের বিশ্ববিদ্যালয়ে প্রায় ৫৪ শতাংশ ছাত্রী রয়েছে। তাদের আবাসনের সমস্যা প্রকট। তারা এ সমস্যা দূর করার জন্য ক্রমাগত দাবি জানিয়ে আসছিল। চীন তাদের সমস্যা সমাধানে এগিয়ে এসেছে। চীন সরকারের অর্থায়নে ছাত্রীদের জন্য একটি আবাসিক হল নির্মাণের প্রক্রিয়া চূড়ান্ত পর্যায়ে রয়েছে। তিনি বলেন, সাংস্কৃতিক ও শিক্ষা বিনিময়ের ক্ষেত্রে ঢাকা বিশ্ববিদ্যালয় দুই দেশের মধ্যে একটি সেতু তৈরি করেছে। বিশ্ববিদ্যালয়ের কনফুসিয়াস ইনস্টিটিউটের মাধ্যমে আমাদের সাথে চীনের একটি শক্তিশালী দ্বিপক্ষীয় সম্পর্ক তৈরি হয়েছে। প্রায় ৫০০ শিক্ষার্থী এ ইনস্টিটিউটের মাধ্যমে শুধু ভাষাগত দক্ষতাই অর্জন করছে না; বরং একইসাথে চীনের সমৃদ্ধ সাংস্কৃতিক ঐতিহ্যের সাথেও পরিচিত হচ্ছে। ভিসি আরো বলেন, দুই দেশের মধ্যে দ্বিপক্ষীয় শিক্ষা বিনিময়ও সমভাবে গুরুত্ব পাচ্ছে। এ বছর চীনের তিনটি বিশ্ববিদ্যালয় থেকে ১৮ জন শিক্ষার্থী বাংলা পড়তে ঢাকা বিশ্ববিদ্যালয়ে এসেছে। চীনের শিক্ষার্থীদের জন্য আমরা স্যার পিজে হার্টগ ইন্টারন্যাশনাল হলে পৃথকভাবে থাকার ব্যবস্থা করেছি। ভাষা বিনিময় এবং পারস্পরিক বোঝাপোড়ার ক্ষেত্রে এটি আমাদের অঙ্গীকারের বহিঃপ্রকাশ। এ ধরনের উদ্যোগ শিক্ষা, গবেষণা এবং এর বাইরেও গভীর সহযোগিতার ভিত্তি স্থাপন করে।

চীনের প্রতিষ্ঠানগুলোর সাথে সহযোগিতা ক্রমান্বয়ে বাড়ছে উল্লেখ করে ভিসি বলেন, ইতোমধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় চীনের শীর্ষ স্থানীয় বিশ্ববিদ্যালয়ের সাথে একাধিক সমঝোতা স্মারক (এমওইউ) স্বাক্ষর করেছে, যা যৌথ গবেষণা, ফ্যাকাল্টি এবং শিক্ষার্থী বিনিময়ের পথ প্রশস্ত করেছে। আজ আরেকটি মাইলফলক তৈরি হয়েছে। চিকিৎসা গবেষণা ও প্রশিক্ষণকে এগিয়ে নিতে আমরা ইউনান ক্যান্সার হাসপাতালের সাথে একটি সমঝোতা স্মারক স্বাক্ষর করেছি।

অনুষ্ঠানে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের উপদেষ্টা নূরজাহান বেগম তার বক্তব্যে স্বাস্থ্য ও শিক্ষাখাতে চীনের অবদানের কথা তুলে ধরেন। তিনি বলেন, জুলাই আন্দোলনের কঠিন সময়ে আহতদের চিকিৎসা দিতে চীন সরকার দ্রুত পদক্ষেপ নেয়। চীনের রাষ্ট্রদূত ইয়াও ওয়েন বলেন, বর্তমান সরকারের সময়ে বাংলাদেশের সাথে চীনের সম্পর্ক উঁচু মাত্রায় পৌঁছেছে। ব্যবসা-বাণিজ্য, শিক্ষা-গবেষণা, সংস্কৃতি, যোগাযোগসহ সব ক্ষেত্রে দুই দেশের এ বন্ধুত্বপূর্ণ সম্পর্ক ভবিষ্যতে আরো জোরদার হবে বলে তিনি আশা প্রকাশ করেন। উল্লেখ্য, অনুষ্ঠানে 'চায়না-সাউথ এশিয়া ইউথ এক্সচেঞ্জ উইক' কর্মসূচিরও উদ্বোধন করা হয়। সিনেট ভবনের মিলনায়তনের বাইরে ইউনান প্রদেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও মেডিক্যাল কলেজের ১৭টি বুথ শিক্ষা ও স্বাস্থ্যবিষয়ক প্রদর্শনী করে। **বিজ্ঞপ্তি**।

## আমাদের সময়




বাংলাদেশ-চীন সম্পর্কের সুবর্ণজয়ন্তী উপলক্ষে গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে 'ইউনান এডুকেশন অ্যান্ড হেলথ প্রমোশন' প্রদর্শনীতে অতিথিদের একাংশ • আমাদের সময়

### বাংলাদেশ-চীন বন্ধুত্বের ৫০ বছর দৃঢ় হচ্ছে সম্পর্ক

ঢাবি প্রতিবেদক •

বাংলাদেশ ও চীনের মধ্যকার বন্ধুত্বপূর্ণ সম্পর্কের সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ে (ঢাবি) 'চীন-বাংলাদেশ পিপল-টু-পিপল এক্সচেঞ্জ ইয়ার : ইউনান এডুকেশন অ্যান্ড হেলথ প্রমোশন' প্রদর্শনীর আয়োজন করে চীন। এমন আয়োজনে দুই দেশে অতিথিদের বক্তব্যে উঠে এসেছে দুই দেশের বন্ধুত্বের সম্পর্ক, ক্রমান্বয়ে আরও বেশি দৃঢ় ও বন্ধুত্বপূর্ণ হচ্ছে। গতকাল রবিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে অনুষ্ঠিত ওই প্রদর্শনীর উদ্বোধনকালে এসব কথা উঠে আসে।

চীনের রাষ্ট্রদূত ইয়াও ওয়েন বলেন, বর্তমান সরকারের সময়ে বাংলাদেশের সঙ্গে চীনের সম্পর্ক উচ্চমাত্রায় পৌঁছেছে। ব্যবসা-বাণিজ্য, ■ এরপর পৃষ্ঠা ৯, কলাম ১

(তৃতীয় পৃষ্ঠার পর) শিক্ষা-গবেষণা, সংস্কৃতি, যোগাযোগসহ সব ক্ষেত্রে দুই দেশের এই বন্ধুত্বপূর্ণ সম্পর্ক ভবিষ্যতে আরও জোরদার হবে।

চীনের প্রতিষ্ঠানগুলোর সঙ্গে সহযোগিতা ক্রমান্বয়ে বাড়ছে উল্লেখ করে ঢাবি উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বলেন, ইতোমধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় চীনের শীর্ষস্থানীয় বিশ্ববিদ্যালয়ের সঙ্গে একাধিক সমঝোতা স্মারক স্বাক্ষর করেছে। গতকাল আরেকটি মাইলফলক তৈরি হয়েছে। চিকিৎসা গবেষণা ও প্রশিক্ষণকে এগিয়ে নিতে আমরা ইউনান ক্যানসার হাসপাতালের সঙ্গে একটি সমঝোতা স্মারক স্বাক্ষর করেছি।

এদিকে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ উপদেষ্টা অধ্যাপক নুরজাহান বেগম তার বক্তব্যে চীনের সহায়তায় ঢাকার ধামরাই ও রংপুরে বড় হাসপাতাল নির্মাণসহ বৃহৎ হাসপাতাল তৈরির প্রস্তুতি, বাংলাদেশকে একটি অত্যাধুনিক রোবোটিক ফিজিওথেরাপি এবং বাংলাদেশের অর্থনৈতিক ও প্রযুক্তিগত উন্নয়নে ১ বিলিয়ন ডলার আর্থিক সহায়তাসহ দেশটির বিভিন্ন সহযোগিতার কথা উল্লেখ করেন।

## The Country Today

CAMPUS CORNER

TRUST & FAST CONSULTANCY

### DU VC Niaz Ahmed Khan says
### Relationship with China not for 50 years, historically 2000 years old



DU Correspondent

Dhaka University Vice Chancellor Prof Dr. Niaz Ahmad Khan said, the relationship with China is not 50 years old, historically this relationship is two thousand years old. We want to build a culture of research between the two countries. We want to increase the education exchange program further.

The Vice Chancellor said this at the inaugural ceremony of 'China-Bangladesh People-to-People Exchange Year: Yunnan Education and Health Promotion' organized by Yunnan Province of China and the Chinese Embassy in Bangladesh at Nawab Ali Chowdhury Senate Bhaban of the University on Sunday.

The co-organizer of the event was Dhaka University.

Adviser of Ministry of Health and Family Welfare Nurjahan Begum, Pro-Vice Chancellor (Admin) of Dhaka University Prof Dr. Saima Haque Bidisha, Pro-Vice Chancellor (Education) Prof Dr. Mamun Ahmed, Treasurer Prof Dr. M. Jahangir Alam Chowdhury, Chinese Ambassador to Bangladesh Yao Wen, Governor of Yunnan Continued to page 2

### Relationship with China

Province of China Wang Yubo, Proctor Associate Professor Saifuddin Ahmed, deans, representatives of various universities of China and officials of various ministries were present.

In the event, a memorandum of understanding was signed between the Department of Biochemistry and Molecular Biology of Dhaka University and China's Yunnan Peking Cancer Hospital and Kunming Medical University to advance medical research and training. Before this, there was a cultural performance with participation of artists from China and Bangladesh.

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

৮ বৈশাখ ১৪৩২

DU in Media

21 April 2025

## সমকাল

# স্বাস্থ্য খাতে ১ হাজার ৬৭৭ কোটি টাকা সহায়তা দেবে চীন

### বললেন স্বাস্থ্য উপদেষ্টা

■ সমকাল প্রতিবেদক

বাংলাদেশের স্বাস্থ্য খাত উন্নয়নে এক হাজার ৬৭৭ কোটি টাকা (১৩৮.২০ মিলিয়ন ডলার) সহায়তা করতে সম্মত হয়েছে চীন। গতকাল রোববার ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেট ভবনে ইউনান শিক্ষা ও স্বাস্থ্যবিষয়ক প্রদর্শনী উদ্বোধনে এ তথ্য জানান স্বাস্থ্য উপদেষ্টা নূরজাহান বেগম।

বাংলাদেশ-চীন সহযোগিতার বিভিন্ন দিক তুলে ধরে তিনি বলেন, 'স্বাস্থ্য খাত শক্তিশালী করতে আন্তর্জাতিক সহায়তা গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। এ ক্ষেত্রে চীনও আমাদের অন্যতম অংশীদার হতে পারে।'

উপদেষ্টা বলেন, 'চীন বাংলাদেশে এক হাজার শয্যার আধুনিক হাসপাতাল করতে আগ্রহী। সে জন্য বিভিন্ন স্থানে জায়গা খোঁজা হচ্ছে। রংপুর বিভাগের একটি জায়গা দেখা হয়েছে। চীনের অর্থায়নে ৫০০ থেকে ৭০০ শয্যার আরেকটি হাসপাতাল করা হবে। এ ছাড়া ঢাকার ধামরাইয়ে পক্ষাঘাতগ্রস্তদের জন্য একটি বিশেষায়িত হাসপাতাল নির্মাণে সম্মত হয়েছে বেইজিং। ভবিষ্যতে বাংলাদেশিরা সহজে উন্নত চিকিৎসার জন্য চীনে যেতে পারবেন।' তিনি আরও বলেন, 'চীনের সহযোগিতা শুধু অবকাঠামো নয়; শিক্ষা, চিকিৎসা, প্রযুক্তি ও মানবসম্পদ উন্নয়নে কার্যকর ভূমিকা রাখবে।'

বাংলাদেশে চীনের রাষ্ট্রদূত ইয়াও ওয়েন জানান, আগামীতে ঢাকা ও চট্টগ্রাম থেকে সরাসরি চীনের ইউনান প্রদেশে ফ্লাইট যাবে। চলতি বছর প্রথমবারের মতো বাংলাদেশ থেকে আম আমদানি করবে চীন। এ ছাড়া বাংলাদেশের সঙ্গে চীন বিভিন্ন বিষয়ে পরিকল্পনা ও কার্যক্রম পরিচালনা করবে বলে জানান তিনি।

ইউনান প্রদেশের গভর্নর ওয়াং ইউবু বলেন, 'আমাদের মধ্যকার সম্পর্ক আরও উন্নত করা দরকার। দুই দেশের ভিসা প্রক্রিয়াও সহজ হওয়া দরকার।'

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক নিয়াজ আহমেদ খান বলেন, বাংলাদেশ ও চীনের আনুষ্ঠানিক কূটনৈতিক সম্পর্কের বয়স ৫০ হলেও দেশ দুটির সম্পর্ক প্রায় দুই হাজার বছরের।

## আমার সংবাদ



# স্বাস্থ্য খাতে ১৩৮ মিলিয়ন ডলার দেবে চীন

### –স্বাস্থ্য উপদেষ্টা

নিজস্ব প্রতিবেদক ▸▸

বাংলাদেশের স্বাস্থ্য খাতের অবকাঠামো উন্নয়নে সহায়তা করতে চীন ১৩৮ দশমিক ২০ মিলিয়ন মার্কিন ডলার সাহায্য দেবে বলে জানিয়েছেন স্বাস্থ্য উপদেষ্টা নূরজাহান বেগম। তিনি জানান, বাংলাদেশের স্বাস্থ্যসেবার ক্ষেত্রে চীন একটি গুরুত্বপূর্ণ অংশীদার হতে পারে। গতকাল রোববার সকালে ঢাকা

● এরপর পৃষ্ঠা ১১ কলাম ৩

### স্বাস্থ্য খাতে ১৩৮

▸▸ প্রথম পৃষ্ঠার পর

বিশ্ববিদ্যালয়ের সিনেট ভবনে ইউনান শিক্ষা ও স্বাস্থ্যবিষয়ক প্রদর্শনী উদ্বোধন অনুষ্ঠানে এসব কথা বলেন তিনি। অনুষ্ঠানে বাংলাদেশ-চীন দ্বিপাক্ষিক সহযোগিতার বিভিন্ন দিক তুলে ধরেন উপদেষ্টা। নূরজাহান বেগম বলেন, 'ঢাকার ধামরাইতে পক্ষাঘাতগ্রস্ত রোগীদের জন্য একটি বিশেষায়িত হাসপাতাল নির্মাণে সম্মত হয়েছে চীন। পাশাপাশি, একটি এক হাজার শয্যার আধুনিক হাসপাতাল স্থাপন নিয়েও আলোচনা চলছে।' চীনের রাষ্ট্রদূতের বরাত দিয়ে তিনি আরও বলেন, নোবেলজয়ী অর্থনীতিবিদ ড. মুহাম্মদ ইউনূসের সাম্প্রতিক চীন সফর সফল হয়েছে। এর মাধ্যমে দুই দেশের মধ্যে স্বাস্থ্যসেবায় সহযোগিতার নতুন দ্বার উন্মোচিত হয়েছে। তিনি আশাবাদ ব্যক্ত করে বলেন, অদূর ভবিষ্যতে বাংলাদেশি নাগরিকরা সহজেই উন্নত চিকিৎসার জন্য চীনে যেতে পারবেন। এ ধরনের সহযোগিতা উভয় দেশের জনগণের জন্য উপকারী হবে বলেও মন্তব্য করেন উপদেষ্টা। চীনের সঙ্গে বাংলাদেশের স্বাস্থ্য খাত নিয়ে যৌথ উদ্যোগ ও বিনিয়োগ স্বাস্থ্যসেবার মানোন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে মনে করছেন সংশ্লিষ্টরা।

## খবরের কাগজ

# ঢাবির সঙ্গে শিক্ষা-স্বাস্থ্যসংক্রান্ত সমঝোতা স্মারক স্বাক্ষর

### বাংলাদেশ-চীন বন্ধুত্বের ৫০ বছর

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

বাংলাদেশ ও চীনের মধ্যকার বন্ধুত্বপূর্ণ সম্পর্কের সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ে (ঢাবি) 'চীন-বাংলাদেশ পিপল-টু-পিপল এক্সচেঞ্জ ইয়ার: ইউনান এডুকেশন অ্যান্ড হেলথ প্রমোশন' প্রদর্শনীর আয়োজন করে চীন। এই আয়োজনে দুই দেশের অতিথিদের বক্তব্যে উঠে এসেছে দুই দেশের বন্ধুত্বের সম্পর্ক; দিন দিন যে সম্পর্ক আরও দৃঢ় ও জোরদার হচ্ছে।

গতকাল রবিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে অনুষ্ঠিত ওই প্রদর্শনীর উদ্বোধনকালে বক্তাদের বক্তব্যে এমন

>> এরপর পৃষ্ঠা ১৫ কলাম ২

### ঢাবির সঙ্গে শিক্ষা-স্বাস্থ্যসংক্রান্ত সমঝোতা

তৃতীয় পৃষ্ঠার পর

সুসম্পর্কের কথা উঠে আসে। ভবিষ্যতে এই সম্পর্ক আরও সুদৃঢ় হবে উল্লেখ করে চীনের রাষ্ট্রদূত ইয়াও ওয়েন বলেন, 'বর্তমান সরকারের সময়ে বাংলাদেশের সঙ্গে চীনের সম্পর্ক উঁচু মাত্রায় পৌঁছেছে। ব্যবসা-বাণিজ্য, শিক্ষা-গবেষণা, সংস্কৃতি, যোগাযোগসহ সব ক্ষেত্রে দুই দেশের এই বন্ধুত্বপূর্ণ সম্পর্ক ভবিষ্যতে আরও জোরদার হবে।'

চীনা প্রতিষ্ঠানগুলোর সঙ্গে সহযোগিতা ক্রমান্বয়ে বৃদ্ধি পাওয়ার প্রসঙ্গ টেনে ঢাবি উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বলেন, 'ইতোমধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় চীনের শীর্ষস্থানীয় বিশ্ববিদ্যালয়ের সঙ্গে একাধিক সমঝোতা স্মারক (এমওইউ) স্বাক্ষর করেছে, যা যৌথ গবেষণা, ফ্যাকাল্টি এবং শিক্ষার্থী বিনিময়ের পথ প্রশস্ত করবে। আজ আরেকটি মাইলফলক তৈরি হয়েছে। চিকিৎসা গবেষণা ও প্রশিক্ষণকে এগিয়ে নিতে আমরা ইউনান ক্যানসার হাসপাতালের সঙ্গে একটি সমঝোতা স্মারক স্বাক্ষর করেছি।'

স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রণালয়ের উপদেষ্টা অধ্যাপক নূরজাহান বেগম তার বক্তব্যে দুদেশের বন্ধুত্বের সম্পর্কের দৃঢ় অবস্থানের কথা উল্লেখ করেন। তিনি চীনের সহায়তায় ঢাকার ধামরাই ও রংপুরসহ তিনটি বৃহৎ হাসপাতাল নির্মাণের প্রস্তুতি, বাংলাদেশে একটি অত্যাধুনিক রোবোটিক ফিজিওথেরাপি এবং বাংলাদেশের অর্থনৈতিক ও প্রযুক্তিগত উন্নয়নে ১ বিলিয়ন ডলার সহযোগিতার কথা উল্লেখ করেন।

এ সময় অন্যদের মধ্যে বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা, ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম জাহাঙ্গীর আলম চৌধুরী, প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমদ, ডিন, চীনের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধি এবং বিভিন্ন মন্ত্রণালয়ের কর্মকর্তারা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে চিকিৎসা গবেষণা ও প্রশিক্ষণকে এগিয়ে নিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান বিভাগের সঙ্গে চীনের ইউনান পিকিং ক্যানসার হাসপাতাল এবং কুনমিং মেডিকেল বিশ্ববিদ্যালয়ের মধ্যে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। এর আগে চীন ও বাংলাদেশের শিল্পীদের অংশগ্রহণে ছিল সাংস্কৃতিক পরিবেশনা।

# The Daily Sun



Members of a group named 'Revolutions Watch' write protest slogans on the road near Dhaka University's TSC on Sunday, demanding a ban on Awami League as a political party. -FOCUS BANGLA